"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১৮ মে ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)**
মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

স্মারক নং-২৩.০১.৯০২.৮৫৮.১৪.৭৮৬.১০/নিয়োগ-৩৭

তারিখ: ০৭ এপ্রিল ২০২২

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এ নিম্নেবর্ণিত পদসমূহে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল/গ্রেড/সর্বমোট বেতন, পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | সহকারী প্রোগ্রামার<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স/ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ সফটওয়ার ইঞ্জিনিয়ারিং/ আইসিটি-এ বিএসসি। সনাতন পদ্ধতিতে ন্যূনতম দুইটি প্রথম শ্রেণি/বিভাগ থাকিতে হইবে এবং শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। জিপিএ পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে ৪.০০ (৫.০০ স্কেল) এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেল) পাইতে হইবে। স্বীকৃত কম্পিউটার সোসাইটির সদস্য অগ্রাধিকারযোগ্য। |
| ২। | ল্যাব টেকনিশিয়ান<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে ডিপ্লোমাসহ জিওগ্রাফি/ডিজাস্টার ম্যানেজমেন্ট /কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/আইসিটি বিষয়ে বিএসসি ডিগ্রিধারী হইতে হইবে। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৭৫ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে। জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (GIS) সফটওয়্যার সমূহ পরিচালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০২ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী হইতে হইবে।<br>(গ) সামরিক বাহিনী হইতে অবসরপ্রাপ্ত যোগ্যতাসম্পন্ন সদস্য অগ্রাধিকারযোগ্য। শিক্ষাগত যোগ্যতা ও সর্বোচ্চ বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৩। | অফিস সহকারী কাম ডাটা প্রসেসর<br>পদের সংখ্যা: ০২ জন<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স:৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** যেকোন বিষয়ে স্নাতক/ডিগ্রি। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** টাইপিং এ প্রতিমিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে। |
| ৪। | ড্রাইভার<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/সমমান পাস।<br><br>(খ) **অভিজ্ঞতা:** বিআরটিএ হইতে লাইসেন্সসহ হালকা ও ভারী গাড়ি (উভয় ক্ষেত্রে) চালনায় ন্যূনতম ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর চালকের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |

| | | |
|---|---|---|
| ৫। | ইলেকট্রিশিয়ান<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/ সমমান পরীক্ষায় পাস। সংশ্লিষ্ট ট্রেডে ট্রেড লাইসেন্স ও 'সি' লাইসেন্সধারী হইতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৭ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।<br>অথবা<br>**শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি পাস/সমমান/এসএসসি ভোকেশনাল পাস। সংশ্লিষ্ট ট্রেডে ট্রেড লাইসেন্স ও 'সি' লাইসেন্সধারী হইতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ৬। | ল্যাব-অ্যাটেনডেন্ট<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি/সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পাস। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ৭। | সাউন্ড টেকনিশিয়ান<br>পদের সংখ্যা: ০১ জন<br>সর্বসাকুল্যে বেতন: ১৯,৩০০/-<br>বয়স: ৩০ বৎসর (সর্বোচ্চ)<br>নিয়োগের ধরণ: চুক্তিভিত্তিক | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি/ডিপ্লোমা/সমমান পরীক্ষায় পাস। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। সংশ্লিষ্ট ট্রেডে ডিপ্লোমা/প্রাতিষ্ঠানিক ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের প্রাতিষ্ঠানিক প্রায়োগিক অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ৮। | লাইট অপারেটর<br>পদের সংখ্যা: ০১ জন<br>সর্বসাকুল্যে বেতন: ১৭,০৪৫/-<br>বয়স: ৩০ বৎসর (সর্বোচ্চ)<br>নিয়োগের ধরণ: চুক্তিভিত্তিক | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি/সমমান পরীক্ষায় পাস। প্রার্থীকে অবশ্যই ইলেকট্রিক্যাল ট্রেড 'বি', 'সি' লাইসেন্সধারী হইতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৭ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।<br>অথবা<br>(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমাধারী। প্রার্থীকে ইলেকট্রিক্যাল কাজে ট্রেড কোর্স সম্পন্ন হইতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে ইলেকট্রিক্যাল ট্রেড কাজে ০৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |

**শর্তাবলি :**

**১। প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া আগামী ১৮ মে ২০২২ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (১৪৩০ ঘটিকা) ডাকযোগে রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে পৌছাইতে হইবে।**

২। কর্মকর্তা পদের জন্য ফরম নং-২ (ক্রমিক ১-এ উল্লেখিত পদ) এবং কর্মচারী পদের জন্য ফরম-৩ (ক্রমিক ২ হতে ০৭) প্রযোজ্য। ফরমসমূহ বিইউপির ওয়েবসাইট www.bup.edu.bd/downloads/all লিংক এর Forms হইতে ডাউনলোড করিয়া আবেদন করিতে হইবে।

৩। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এর অনুকূলে ক্রমিক ০১-এ উল্লেখিত পদের জন্য ৭০০ টাকা এবং অন্যান্য পদের জন্য ৪০০ টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না)। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৭ কপি রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।

৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশিট এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান-প্রধানের নিকট হইতে প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

**৭। জাতীয় পরিচয়পত্র এবং জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।**

৮। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট সার্টিফিকেটের কপি আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হইবে।

৯। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

১০। বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি।

১১। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিইউপিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের জন্য বয়সসীমা প্রযোজ্য নহে।

**১২। খামের উপর প্রার্থীত পদের নাম, কর্মস্থল ও নিজ জেলা উল্লেখ করিতে হইবে।**

**১৩। কর্মকর্তা পদের জন্য ০৭ সেট এবং কর্মচারী পদের জন্য ০৫ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) A4 সাইজের খামে দাখিল করিতে হইবে।**

১৪। চাকুরিরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

১৫। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোনো ধরনের সুপারিশ অযোগ্যতা হিসেবে গণ্য হইবে।

১৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত/মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১৯। কর্তৃপক্ষ উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**২০। বর্ণিত বিজ্ঞাপনে সকল পদসমূহের কর্মস্থল হইবে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এবং বিইউপি, ফ্যাকাল্টি অব বিজনেস অ্যান্ড সোস্যাল সাইন্স (বাংলাদেশ মিলিটারী একাডেমি, ভাটিয়ারী, চট্টগ্রাম)।**

রেজিস্ট্রার
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস